বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৪০৭ তারিখঃ০৬ নভেম্বর,২০২৩

## অফিস আদেশ

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক সুফলভোগী সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাব হতে চেকের মাধ্যমে নগদায়ন করে মোট **৪৪,০৪,০৭৪.০০ (চুয়াল্লিশ লক্ষ চার হাজার চুয়াত্তর)** টাকা, ঋণের জামানত বাবদ অফিসে সংরক্ষিত পোস্ট ডেটেড চেক নগদায়ন করে মোট **১৩,৪১,৫৭৪.০০ (তের লক্ষ একচল্লিশ হাজার পাঁচশত চুয়াত্তর) টাকা**, ব্যক্তিগত ব্যাংক হিসাবে সুফলভোগী সদস্যদের বিপরীতে বিতরণকৃত ঋণের তুলনায় কম পরিমাণ ঋণ প্রদানের মাধ্যমে **৫,৫৭,০০০.০০ (পাঁচ লক্ষ সাতান্ন হাজার) টাকা** এবং সমিতি পর্যায় হতে সুফলভোগী সদস্যদের কাছ থেকে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ অফিসে জমা না দিয়ে **৭,৪২,৫০৮.০০ (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত আট)** টাকাসহ সর্বমোট **৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাপ্পান্ন) টাকা** আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক ১৩টি সমিতির সর্বমোট ৬১ জন সদস্যকে অবহিত না করে সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ প্রদান এবং সুফলভোগী সদস্যদের ভুল বুঝিয়ে চেক সংগ্রহ করে তাদের ব্যক্তিগত ব্যাংক হিসাব হতে বিতরণকৃত ঋণের অর্থ বর্ণিত চেকের মাধ্যমে নগদায়ন করে সর্বমোট ৪৪,০৪,০৭৪.০০ (চুয়াল্লিশ লক্ষ চার হাজার চুয়াত্তর) টাকা আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক সদস্যদের পূর্ববর্তী ঋণের জামানতের বিপরীতে জমাকৃত স্বাক্ষরযুক্ত চেক সুকৌশলে নিজের হেফাজতে নিয়ে উক্ত চেক ব্যবহার করে পরবর্তীতে ৭টি সমিতির ১৮ জন সদস্যদের বিপরীতে বিতরণকৃত ঋণের ১৩,৪১,৫৭৪.০০ (তের লক্ষ একচল্লিশ হাজার পাচশত চুয়াত্তর) টাকা ব্যাংক হতে উত্তোলন/নগদায়ন করে আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক সুফলভোগী বিদেশে চলে যাওয়া সত্ত্বেও তার বিপরীতে ৯০০০০.০০ টাকা ঋণ বিতরন দেখিয়ে আত্মসাত করার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক ০২ জন সুফলভোগী সদস্যকে না জানিয়ে ব্যাংক হতে নতুন চেক বই উত্তোলন করেন এবং উক্ত চেক বইয়ের চেক ব্যবহার করে সদস্যের স্বাক্ষর জাল করে ২ জন সদস্যের বিপরীতে যথাক্রমে ৮০০০০.০০ (আশি হাজার) ও ১০০০০০ (এক লক্ষ) টাকা উত্তোলন করে আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক সদস্যদের কাছ থেকে প্রকৃত ঋণের পরিমাণ গোপন করে তাদের ব্যক্তিগত ব্যাংক হিসাবের স্বাক্ষরযুক্ত চেক সংগ্রহ করে ৬টি সমিতির ১৫ জন সদস্যের বিপরীতে বিতরণকৃত ১০,২০,০০০.০০ (দশ লক্ষ বিশ হাজার) টাকা নগদায়ন করে সদস্যদের পাশ বইয়ে ঋণের অর্থ ৪,৬৩,০০০.০০ (চার লক্ষ তেষট্টি হাজার) টাকা লিপিবদ্ধ করে সর্বমোট ৫,৫৭,০০০.০০ (পাঁচ লক্ষ সাতান্ন হাজার) টাকা আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (পলাতক, বর্তমানে কারাগারে) কর্তৃক সমিতি পর্যায় হতে সুফলভোগী সদস্যদের কাছ থেকে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ অফিসে জমা না দিয়ে সর্বমোট ৭,৪২,৫০৮.০০ (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত আট) টাকা আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত;

এক্ষণে, সেহেতু, **জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক,** ইরেসপো, ঝালকাঠি সদর (বর্তমানে কারাগারে রয়েছেন) কর্তৃক সুফলভোগী সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাব হতে চেকের মাধ্যমে নগদায়ন করে মোট ৪৪,০৪,০৭৪.০০ (চুয়াল্লিশ লক্ষ চার হাজার চুয়াত্তর) টাকা, ঋণের জামানত বাবদ অফিসে সংরক্ষিত পোস্ট ডেটেড চেক নগদায়ন করে মোট ১৩,৪১,৫৭৪.০০ (তের লক্ষ একচল্লিশ হাজার পাঁচশত চুয়াত্তর) টাকা, ব্যক্তিগত ব্যাংক হিসাবে সুফলভোগী সদস্যদের বিপরীতে বিতরণকৃত ঋণের তুলনায় কম পরিমাণ ঋণ প্রদানের মাধ্যমে ৫,৫৭,০০০.০০ (পাঁচ লক্ষ সাতান্ন হাজার) টাকা এবং সমিতি পর্যায় হতে সুফলভোগী সদস্যদের কাছ থেকে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ অফিসে জমা না দিয়ে ৭,৪২,৫০৮.০০ (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত আট) টাকাসহ **সর্বমোট ৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাপ্পান্ন) টাকা** আত্মসাৎ প্রমানিত হওয়ায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা,২০২২ এর বিধি ২৪ (জ) মোতাবেক বর্ণিত মাঠ সংগঠককে দোষী সাব্যস্ত করে বিধি ২৮ (গ) অনুযায়ী বিধি ২৫ খ(২) মোতাবেক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে বরখাস্ত করা হলো। এছাড়া আত্মসাতকৃত সমুদয় অর্থ আদায়ের লক্ষ্যে তার বিরুদ্ধে চলমান ফৌজদারী মামলা (দায়েরকৃত মামলা নং: ০৭/১৫৬; তারিখ: ১০.০৮.২০২৩) চলমান রাখাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হবে।

০৮/১১/২০২৩

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭-৪০৭

তারিখঃ ০৮ নভেম্বর,২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. জনাব ইয়াসমিন আক্তার, মাঠ সংগঠক, ইরেসপো, ঝালকাঠি সদর (বর্তমানে কারাগারে রয়েছেন)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃসদর জেলাঃ ঝালকাঠি।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝালকাঠি। (বর্ণিত মাঠ সংগঠকের বিরুদ্ধে চলমান ফৌজদারী মামলা সার্বক্ষণিক তদারকিসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৫. ব্যক্তিগত নথি।

**সদয় অবগতির জন্যঃ**

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

০৮/১১/২৩

শামীমা আক্তার
সহকারী পরিচালক